দ.আফ্রিকার পর ভারতকে হারাল বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল

দক্ষিণ আফ্রিকার পর ভারতীয় নারী দলকেও হারাল বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। টানা দুই জয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রস্তুতি জোরদার করল স্বর্ণা আক্তাররা।

স্বর্ণার ঝড়ো ইনিংসের সুবাদে ভারতের বিপক্ষে ৩ রানে জয় পায় বাংলাদেশ।

বুধবার দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গের সেন্ট স্টিথিয়ান্স কলেজ মাঠে নিজেদের শেষ প্রস্তুতি ম্যাচে ভারতের বিপক্ষে শ্বাসরুদ্ধকর ম্যাচে ৩ রানে জয় পায় বাংলাদেশ।

এদিন টস জিতে ব্যাটিংয়ে নেমে বাংলাদেশ ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে তোলে ১২১ রান। চার নম্বর পজিশনে ব্যাটিংয়ে নেমে ৪৮ বলে ৭ ছক্কা ও ২ চারে অপরাজিত ৭৮ রানের বিধ্বংসী ইনিংস খেলেন দলের সহ-অধিনায়ক স্বর্ণা।

টার্গেট তাড়া করতে নেমে বাংলাদেশি বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে ২ উইকেট হারিয়ে ১১৮ রান করতে পারে ভারত। দলের হয়ে তৃষা গঙ্গাদি ৩৬ বলে সর্বোচ্চ ৪৪ রান করে রানআউট হন। ভারতের হয়ে আন্তর্জাতিক ক্রিকেটে খেলা ওপেনার শেফালি ভার্মা ৫০ বলে করেন অপরাজিত ৪৩ রান।

এর আগে প্রথম প্রস্তুতি ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ডাকওয়ার্থ লুইস স্টান পদ্ধতিতে ৭ রানে জয় পায় বাংলাদেশ নারী ক্রিকেট দল।

শনিবার টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে বাংলাদেশ খেলবে অস্ট্রেলিয়ার বিপক্ষে। ১৬ দলের টুর্নামেন্টে ‘এ’ গ্রুপে বাংলাদেশের অন্য দুই প্রতিপক্ষ শ্রীলঙ্কা ও যুক্তরাষ্ট্র।

সূত্র:যুগান্তর

[redacted] [redacted] [redacted] [redacted]: [redacted]

[redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [

ক্ষুদ্র ফরম্যাটে যখন বাংলাদেশ ব্যাটার খুঁজতে খুঁজতে ক্লান্ত সেসময় বিপিএলে মারকুটে ব্যাটিং দেখিয়ে আলোচনায় চলে আসলেন জাকির হোসেন। আসরের চতুর্থ ম্যাচে সিলেট স্ট্রাইকার্সকে জেতাতে বড় ভূমিকা রেখেছেন জাকির। ফরচুন বরিশালের বিপক্ষে যখন ব্যাটিংয়ে আসেন তখনো সিলেটের প্রয়োজন ছিল ৫০ বলে ৯৩ রান। এমন সময় ব্যাটিংয়ে এসে শুরু থেকেই ব্যাট চালিয়ে খেলতে থাকেন জাকির। আউট হওয়ার আগে খেলেছেন ৩ ছক্কা ও ৩ চারে ১৮ বলে ৪৩ রানের ইনিংস।

জাকিরের এমন দানবীয় ব্যাটিং মনে ধরেছে সিলেট দলের পেস বোলিং কোচের দায়িত্বে থাকা সাবেক টাইগার পেসার নাজমুল হোসেনের। গতকাল রবিবার গণমাধ্যমের সঙ্গে আলাপকালে এই পেস বোলিং কোচ জানিয়েছেন, জাকির তিন ফরম্যাটেই ক্রিকেট খেলতে প্রস্তুত।

নাজমুল বলেন, ‘দেখুন কালকে যে ইনিংসটা খেলেছে জাকির…. আমি আমার খেলোয়াড়ী জীবনে বা অনেক দিন ঘরোয়া ক্রিকেট খেলেছি, এরকম ইনিংস রান তাড়ার ম্যাচে খুবই কম দেখেছি। যেটা ও গতকালকে করেছে। দেখুন, আমাদের খেলার যে মোমেন্টামটা ছিল সেটা কিন্তু ওর ইনিংসটা পরিবর্তন করে দিয়েছে। আমি আশা করব, ও যদি এই মোমেন্টামটা ধরে রাখতে পারে তাহলে টি-টোয়েন্টিতে বাংলাদেশের জন্য বড় সম্পদ হতে পারে।’

লম্বা সময় ধরেই ঘরোয়া ক্রিকেটে নিয়মিত পারফরম করছেন জাকির। সিলেট বিভাগের হয়ে খেলার কারণে বাঁহাতি এই ব্যাটারকে খুব কাছ থেকে দেখার সুযোগ পেয়েছেন নাজমুল। নিজেদের মধ্যে হওয়া কথোপকথনও সামনে এনেছেন তিনি। নিজেকে তিন সংস্করণের জন্যই প্রস্তুত করতে চান বলে নাজমুলকে জানান জাকির। এদিকে ভারতের বিপক্ষে টেস্ট সিরিজে রান পাওয়ায় জাকিরের আত্মবিশ্বাস বেড়েছে বলে মনে করেন সিলেটের বোলিং কোচ।

নাজমুল বলেন, ‘দেখুন, অসাধারণ ব্যাটিং করেছে। আমি জাকিরকে সবশেষ দুই-তিন বছর ধরে দেখছি, যেহেতু ও সিলেট বিভাগের হয়ে খেলছে। ও কিন্তু ওর ব্যাটিং নিয়ে খুবই চিন্তা করে এবং ও নিজেকে সেভাবেই তৈরি করছে, যাতে তিন সংস্করণেই খেলতে পারে। আমি ওর সঙ্গে অনেক দিন কথা বলেছি, যে আসলে তোমার পরিকল্পনা কি? ও যেটা বলেছে তা হলো, আমি যেহেতু ক্রিকেট খেলব তিন সংস্করণেই খেলতে চাই।’

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

মার্গারিদা লেখেন, ‘আপনারা সবাই জানেন, পত্রপত্রিকায় আমাকে নিয়ে যা লেখা হয় তার কোনো কিছুই আমি পড়ি না। প্রথম কারণ, ৯০ শতাংশ ক্ষেত্রেই দেখা যায় সেগুলো মিথ্যা। এছাড়া, যেহেতু সেগুলো মিথ্যা, তাই সেগুলো পড়ার কোনো প্রয়োজন নেই আমার। জীবনে এসব কোনোমানে রাখে না। একটি মেয়ের বন্ধু থাকা, সুখী থাকা ও নিজের মতো চলাকে কি আমরা স্বাভাবিক চোখে দেখবো না? এটা অন্যায্য। আর আমিই এর প্রথম কিংবা শেষ শিকার নই।’

সূত্র: ইত্তেফাক

বিপিএলের নবম আসর শুরু আজ

নানা আলোচনা-সমালোচনা, তর্কবিতর্কের মধ্য দিয়ে আজ থেকে মাঠে গড়াতে যাচ্ছে বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) নবমতম আসরের খেলা। শুক্রবার দুপুর আড়াইটায় মিরপুর শের-ই-বাংলা স্টেডিয়ামে সিলেট স্ট্রাইকার্সের বিপক্ষে চট্টগ্রাম চ্যালেঞ্জার্সের ম্যাচ দিয়ে শুরু হয়ে আগামী ১৬ ফেব্রুয়ারি ফাইনালের মধ্যদিয়ে পর্দা নামবে এই টুর্নামেন্টের। এদিকে এবারই প্রথম বারের মতো আইসিসি টিভিতে (ওটিটি প্ল্যাটফরম) দেখা যাবে বিপিএল পাশাপাশি ১৫টি বিদেশি চ্যানেলে সরাসরি সম্প্রচারিত হবে এ টুর্নামেন্টটি।

এবারের আসরে মাঠের খেলা থেকে টুর্নামেন্টের ব্যবস্থাপনা নিয়ে সমালোচনা হচ্ছে বেশি। গত বুধবার দেশ সেরা অলরাউন্ডার সাকিব আল হাসান সমালোচনা করে বলেন, বিপিএলের ক্ষতি হয়েছে এবং এসব সমস্যা সমাধানে ম্যানেজমেন্টের ইচ্ছার অভাব রয়েছে। এছাড়া গতকাল বৃহস্পতিবার ট্রফি উন্মোচনের দিন বিপিএল নিয়ে সাকিবের বক্তব্যের সঙ্গে সহমত জানান সাবেক টাইগার অধিনায়ক মাশরাফি বিন মর্তুজা। তবে এসব কথা এড়িয়ে গিয়ে নিজেদের সিমাবদ্ধতার কথা জানান বিসিবি।

গতকাল মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে বিপিএলের স্পন্সর ঘোষণার অনুষ্ঠানে বিসিবি সিইও নিজামউদ্দিন চৌধুরী বলেন, ‘আমি নিশ্চিত নই যে, তিনি (সাকিব) কোনো প্রেক্ষাপটে কথাটা বলেছেন বা কতটুকু তথ্য তার কাছে ছিল। আমাদের সীমাবদ্ধতা জানলে হয়তো এসব কথা তিনি বলতেন কি না, আমার সন্দেহ । এর বাইরে কিছু বলা আসলে ঠিক হবে না।

’

এই সময় এ অনুষ্ঠানে জানানো হয় এবারের বিপিএলে টাইটেল স্পন্সর হয়েছে ইস্পাহানী এবং পাওয়ার্ড বাই হিসেবে থাকছে মিনিস্টার গ্রুপ। এছাড়া প্রথম বারের মতো আইসিসি টিভি এবং ভারত, কাতার, ওমান, মালয়েশিয়া, ওয়েস্ট ইন্ডিজ, যুক্তরাষ্ট্র ও কানাডাসহ বিশ্বের ১৫টি দেশে বিপিএল সম্প্রচার করা হবে বলে জানায় বিসিবি।

এবারের আসরে মোট ৭টি ফ্র্যাঞ্চাইজি অংশগ্রহণ করছে। দলগুলো হলো—চট্টগ্রাম চ্যালেঞ্জার্স, সিলেট স্ট্রাইকার্স, কুমিল্লা ভিক্টোরিয়ান্স, রংপুর রাইডার্স, ঢাকা ডমিনেটরস, খুলনা টাইগার্স ও ফরচুন বরিশাল। এছাড়া এবারের আসরের খেলা অনুষ্ঠিত হবে ৩টি ভেনুতে।

আজ খেলা শুরু হয়ে ১০ জানুয়ারি পর্যন্ত ঢাকায় চলবে প্রথম পর্বের খেলা। এরপর বিপিএলের দলগুলো পাড়ি জমাবে চট্টগ্রামে। দুই দিনের বিরতি দিয়ে ১৩ জানুয়ারি থেকে শুরু হবে চট্টগ্রাম পর্বের খেলা। চট্টগ্রাম পর্ব শেষ হবে ২০ জানুয়ারি। এরপর দুই দিনের জন্য আবারও ঢাকায় ফিরবে বিপিএল। ২৩ ও ২৪ জানুয়ারি খেলা শেষে ২৭ জানুয়ারি থেকে মাঠে গড়াবে সিলেট পর্বের খেলা। এই পর্বের খেলা চলবে ৩১ জানুয়ারি পর্যন্ত। এরপর বিপিএলের বাকি সব ম্যাচই ঢাকাতে হবে। এলিমিনেটর ও ১ম কোয়ালিফায়ারের পরদিন রাখা হয়েছে রিজার্ভ ডে হিসেবে। এছাড়া ২য় কোয়ালিফায়ার ও ফাইনালের পরদিনও থাকবে রিজার্ভ ডে।

সূত্র: ইত্তেফাক

মেসিকে বরণ করে নেইমারের টুইট

বিশ্বকাপ জয় করে রাজার বেশে প্যারিস সেইন্ট জার্মেইয়ে (পিএসজি) যোগ দিয়েছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ক লিওনেল মেসি। আনন্দঘন পরিবেশে পার্ক দ্য প্রাসে আর্জেন্টাইন মহাতারকাকে বরণ করে নেন তার ক্লাব সতীর্থরা। মেসিকে দেওয়া হয় গার্ড অব অনার। অনুশীলনে গিয়ে নেইমারদের সঙ্গে দেখা হয় মেসির। বিশ্বকাপজয়ী

বন্ধুকে পেয়ে নেইমারের উচ্ছ্বাস ছিল দেখার মতো।

কাতার বিশ্বকাপের শেষ আট থেকে ছিটকে যায় ব্রাজিল। নেইমারের বিশ্বকাপ জয়ের স্বপ্ন আবারও ভেঙে যায়। কিন্তু ফ্রান্সকে হারিয়ে মেসির হাতে বিশ্বকাপ উঠতেই শুভেচ্ছা জানাতে দেরি করেননি নেইমার। টুইট করে মেসিকে তিনি শুভেচ্ছা জানান। আজও মেসিকে বরণ করে নেওয়ার ছবি সোশ্যাল সাইটে পোস্ট করে ভালোবাসা জানিয়েছেন নেইমার।

৩৬ বছর পর আর্জেন্টিনাকে বিশ্বকাপ এনে দিয়েছেন মেসি। ক্যারিয়ারের গোধূলি বেলায় তার হাতের স্পর্শ পেয়েছে বিশ্বকাপ ট্রফিটা। মেসির হাতে তুলে দেওয়া হয় সম্মাননা স্মারক। পরে স্মারক হাতে ছবিও তুলেছেন মেসি। মেসিকে স্বাগত জানানোর এ ক্ষণে অনুপস্থিত ছিলেন কিলিয়ান এমবাপ্পে। পিএসজির এ ফরাসি সুপারস্টার আপাতত ছুটিতে আছেন।

দায়িত্ব পেলে দুই মাসে সব পরিবর্তন করতে পারব: সাকিব

মাত্র ১ দিনের জন্য গালফ অয়েল বাংলাদেশ লিমিটেডের চিফ এক্সিকিউটিভ অফিসারের দায়িত্ব নিয়েছেন বাংলাদেশের টি-২০ ও টেস্ট অধিনায়ক সাকিব আল হাসান। বুধবার (৪ জানুয়ারি) দায়িত্ব নিয়ে গণমাধ্যমের মুখোমুখি হন সাকিব। সেখানে আসন্ন বিপিএল নিয়ে প্রশ্নের সম্মুখীন হন সাকিব।

বিপিএল আয়োজনে যদি সিইও হতেন তাহলে কী ভূমিকা রাখতেন? এমন প্রশ্নের উত্তরে সাকিব জানান, সর্বোচ্চ ১ থেকে ২ মাস সব পরিবর্তন করবেন। তিনি বলেন, ‘আমাকে যদি সিইও দায়িত্ব দেওয়া হয় বিপিএলের, আমার বেশিদিন লাগবে না। আমার ধারণা ১ থেকে ২ মাস লাগবে সবকিছু ঠিক করতে- ম্যাক্সিমাম। খুব বেশি হলে দুই মাসও লাগার কথা না। দুই মাস তো অনেক দূরের কথা বলেছি।’

বলিউডের জনপ্রিয় সিনেমা ‘নায়ক’ এর প্রসঙ্গে টেনে সাকিব আরও বলেন, ‘নায়ক মুভিতে দেখেছেন না ১ দিনে অনেক কিছু করা সম্ভব যে করতে

পারে। যে পারে সে সবসময়ই করতে পারে।’

চলতি বিপিএলের সিইও হলে কি করবেন এমন প্রশ্নে তিনি বলেন, ‘এই মৌসুমের সবকিছু বাদ দিয়ে আবার ড্রাফট হবে, অকশন হবে। ফ্রি টাইমে বিপিএল হবে, সব আধুনিক টেকনোলজি থাকবে। ব্রডকাস্ট ভালো থাকবে হোম এন্ড অ্যাওয়ে ভেন্যু থাকবে।’
সূত্র: ইত্তেফাক